

তারিখ ... ২২ / ১০ / ৪৫  
 পৃষ্ঠা ... ৩ ... কলাম ... / ...

**চাকরি জাতীয়করণসহ**  
**অন্যান্য দাবীতে**  
**বেসরকারী মাধ্যমিক**  
**শিক্ষকরা আন্দোলনে**  
**যাচ্ছেন**

বেসরকারী মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-শিক্ষিকা ও অন্যান্য কর্মচারীদের চাকরি জাতীয়করণ করা, শতকরা ৬০ ভাগ বহাও ভাতা, শতকরা ৫০ ভাগ বাড়ী ভাড়া এবং উৎসব ভাতা প্রদান সহ অন্যান্য দাবী-দায়িত্ব আদায়ের লক্ষ্যে বাংলা-দেশ শিক্ষক সমিতি ব্যাপক আন্দোলনের কর্মসূচী নিয়েছে।

এই কর্মসূচী অনুযায়ী আগামী ৩১শে অক্টোবরের মধ্যে সরকার দাবী মেনে না নিলে আগামী ৭ই নভেম্বর দেশব্যাপী দাবী দিবস পালন করা হবে। দাবী দিবসে প্রতিটি জেলা ও উপজে-লার শিক্ষক সমাবেশ অনুষ্ঠিত হবে। এছাড়া ৭ই নভেম্বরের মধ্যে দাবী মেনে না নিলে আগামী ১৮ই নভেম্বর দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রতীক ধর্মঘট পালনের কর্মসূচী নেয়া হয়েছে। খবর প্রেস বিজ্ঞপ্তি।